গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৬১.২৩.১১৫১

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩০
১১ অক্টোবর ২০২৩

**বিষয়:** ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.২.১ (ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা) সংক্রান্ত ১ম ত্রৈমাসিক ভিত্তিতে প্রত্যয়ন।

এত দ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক এ বিভাগের ওয়েবসাইটে (www.imed.gov.bd) প্রকাশ করা হয়েছে এবং উক্ত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ বর্তমানে চালু রয়েছে।

**সংযুক্তি:** ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ তালিকা, ০৪ (চার) পাতা।

১১.১০.২০২৩

ড. গাজী মোঃ সাইফুজ্জামান
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
মোবাইল: ০১৭১৩০৬৪৩৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/ বিভাগের নাম: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

**বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | **'আইএমইডি প্রিজম/ IMED PRISM' অ্যাপস**<br>(ডিজিটাইজকৃত সেবা)<br>(১৭-০৪-২০২৩) | মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর নির্দেশনা "কার্যক্রম ১.১: সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন" অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন হিসেবে সরকারের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে 'আইএমইডি প্রিজম/ IMED PRISM (Project Inspection System for Monitoring)' অ্যাপসটি প্রস্তুত করা হয়েছে। আইএমইডি'র কর্মকতাগণের ব্যবহারের উদ্দেশ্যে 'আইএমইডি প্রিজম/ IMED PRISM' অ্যাপসটি Google Play Store-এ উন্মুক্ত করা হয়েছে। উল্লিখিত অ্যাপসের মাধ্যমে প্রকল্প পরিদর্শন ও পিসিআর ব্যবস্থাপনা, ধীরগতির প্রকল্পের রিপোর্ট, Geotagging সহ স্থিরচিত্র/ ভিডিও ধারণ করা যাবে। শুধুমাত্র অনুমোদিত ব্যবহারকারীগণ তাঁদের User Credential এর মাধ্যমে লগইন | কার্যকর আছে | হ্যাঁ | IMED PRISM - Apps on Google Play | |

R. Shahriar

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | | করে এই অ্যাপসটি ব্যবহার করতে পারবেন। | | | | |
| ০২. | **ই-জিপি সিস্টেমে নিবন্ধন ফি, নবায়ন ফি ও টেন্ডার ফি স্বয়ংক্রিয় চালানে (Automated Challan) পরিশোধ করার ব্যবস্থা অন্তর্ভুক্তকরণ।** (ডিজিটাইজকৃত সেবা) (২৯-০৯-২০২১) | ই-জিপি সিস্টেমের সাথে স্বয়ংক্রিয় চালান (AChallan) সিস্টেমকে অন্তর্ভুক্ত করা হয়েছে যার মাধ্যমে ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালানের মাধ্যমে বর্ণিত ফিসমূহ সহজেই জমা প্রদান করতে পারবেন। ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালানের মাধ্যমে বর্ণিত ফিসমূহ পরিশোধ করার জন্য প্রথমে ই-জিপি সিস্টেমের অনলাইন পেমেন্ট থেকে স্বয়ংক্রিয় চালান নির্বাচনপূর্বক প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন। অতঃপর উক্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট হিসাব (DBBL Nexus, VISA Card, Master Card, Rocket etc.) থেকে পরিশোধের অনুমতি প্রদান করবেন। সঠিকভাবে পরিশোধ সম্পন্ন হলে ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালান (AChallan) কপি সংরক্ষণ করতে পারবেন। একইসাথে ই-জিপি সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে একটি নিশ্চিতকরণ বার্তা প্রদর্শন করবে। | কার্যকর আছে | হ্যাঁ | https://www.eprocure.gov.bd/ | |
| ০৩. | **'আইএমইডি পিন / IMED-PIN'** (উদ্ভাবনী প্রকল্প) (০৬-০১-২০২২) | প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন, প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন ও সর্বোপরি নাগরিকগণের ব্যবহারের লক্ষ্যে | কার্যকর আছে | হ্যাঁ | IMED PIN - Apps on Google Play | |

R. Shahriar

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | | 'আইএমইডি পিন/ IMED-PIN' অ্যাপটি প্রস্তুত করা হয়েছে এবং সকলের ব্যবহারের জন্য 'আইএমইডি পিন' অ্যাপটি Google Play Store-এ উন্মুক্ত করা হয়েছে। অ্যাপটির মাধ্যমে চলমান অর্থবছরের সরকারের উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট নানা তথ্য বিভিন্ন ক্যাটাগরিতে জানা যাবে। | | | | |
| ০৪. | **প্রকল্প পরিবীক্ষণে ড্রোন প্রযুক্তির ব্যবহার**<br>(উদ্ভাবনী প্রকল্প)<br>(২০২১-২০২২ অর্থবছর) | আধুনিক ড্রোন প্রযুক্তির ব্যবহার প্রকল্প পরিদর্শনে যুক্ত করেছে নতুন মাত্রা। ৪র্থ শিল্প প্রযুক্তির কর্মশালায় প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের স্মার্ট মনিটরিং করার লক্ষ্যে এই উদ্ভাবনী ধারণা পাওয়া যায়। এই উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নিমিত্ত ২০২১-২২ অর্থবছরে এ বিভাগের বাজেট বরাদ্দের (উদ্ভাবন - কোড নং: ৩২৫৭১০৫) হতে ০৩ (তিন)টি আধুনিক ড্রোন ক্রয় করা হয়। প্রকল্প পরিদর্শনে ড্রোন পরিচালনার নিমিত্ত এখন পর্যন্ত এ বিভাগের ১২০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এখন পর্যন্ত ড্রোন ব্যবহার করে ১৩টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে। | কার্যকর আছে | হ্যাঁ | - | প্রকল্প পরিবীক্ষণে ড্রোন ব্যবহার সংক্রান্ত একটি গাইডলাইন প্রণয়নের কাজ করছে আইএমইডি ইনোভেশন টিম। |
| ০৫. | **ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের অর্থায়নে ক্রয় প্রক্রিয়া সহজিকরণের উদ্দেশ্যে "সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)" অন্তর্ভুক্তকরণ**<br>(বিদ্যমান সেবা পদ্ধতি সহজিকরণ)<br>(২৪-০২-২০২২) | ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের অর্থায়নে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অন্তর্ভুক্ত করা হয়েছে। এই পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ সরকারের অর্থায়নে ক্রয়কারিগণ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। ই-জিপি সিস্টেমে বাংলাদেশ | কার্যকর আছে | হ্যাঁ | https://www.eprocure.gov.bd/<br>এবং<br>https://cptu.gov.bd/ | |

R. Shahin

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | | সরকারের তহবিল ব্যবহার করে ক্রয়ের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল e-PG9 এর মাধ্যমের ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। | | | | |
| ০৬. | **কর্মকর্তাদের প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নের সুবিধার্থে আইএমইডি'র কর্মকর্তাগণের মাঝে 'পরিবীক্ষণ টুলবক্স' বিতরণ।** (বিদ্যমান সেবা পদ্ধতি সহজিকরণ) (২৭-০১-২০২১) | পরিবীক্ষণ ও মূল্যায়ন একটি প্রফেশনাল কাজ; যার জন্য প্রশিক্ষণ, টুলস, দক্ষতা ও অভিজ্ঞতার প্রয়োজন। আইএমইডি'তে সদ্য যোগদানকৃত কর্মকর্তাগণকে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজ সম্পর্কে অবগত ও প্রশিক্ষিত করার উদ্দেশ্যে পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত বিভিন্ন টুলস, নীতিমালা, পরিপত্র, ছক ইত্যাদি সংবলিত 'পরিবীক্ষণ টুলবক্স' বিতরণ করা হয়। উল্লেখ্য, 'পরিবীক্ষণ টুলবক্স'-এর সমস্ত কন্টেন্টের সফটকপি আইএমইডি'র ওয়েবসাইটের (www.imed.gov.bd) ডাউনলোড মেনুর 'পরিবীক্ষণ টুলবক্স' সাবমেনু হতে কর্মকর্তাগণ যে কোন সময় ডাউনলোড করে নিতে পারেন। | কার্যকর আছে | হ্যাঁ | https://imed.gov.bd/site/page/b73859a8-f2e7-4734-91b7-7243e044c53b/Monitoring-toolbox | |
| ০৭. | **Citizen Portal** (ডিজিটাইজকৃত সেবা) (২০২০-২০২১ অর্থবছর) | সরকারি ক্রয়ের বিভিন্ন তথ্য প্রকাশের মাধ্যমে এ বিষয়ে নাগরিকদের সচেতনতা বৃদ্ধি এবং তাদের মতামত জানার মাধ্যমে দেশের সরকারি ক্রয় ব্যবস্থার সার্বিক উন্নয়নে একটি ইতিবাচক পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে ২৬ আগস্ট ২০২০ তারিখে ডিজিটাল সেবা হিসেবে 'সরকারি ক্রয় বাতায়ন' নামে একটি সিটিজেন পোর্টাল চালু করা হয়েছে। | কার্যকর আছে | হ্যাঁ | https://citizen.cptu.gov.bd/ | |

R. Shahriar

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | | সরকারি ক্রয় বাতায়ন থেকে সহজেই সারাদেশে পণ্য, কার্য ও সেবা ক্রয় সম্পর্কিত নানা তথ্য পাবেন নাগরিকগণ। এমনকি নিজ এলাকার সরকারি ক্রয়ের বিভিন্ন ধাপ সম্পর্কেও তারা বিস্তারিত জানতে পারবেন। এছাড়া, পোর্টালের সাথে যুক্ত ব্লগ ও সামাজিক যোগাযোগ মাধ্যমেও নাগরিকগণ সরকারি ক্রয় বিষয়ে তাদের মতামত তুলে ধরতে পারবেন এবং সরকারি ক্রয় পরিস্থিতি পর্যবেক্ষণে যুক্ত থাকতে পারবেন। সরকারি নীতি নির্ধারক, ক্রয়কারী সংস্থার কর্মকর্তা, বিশেষজ্ঞ, গবেষকগণও 'সরকারি ক্রয় বাতায়ন' থেকে বিভিন্ন তথ্য ডাউনলোড করে তা বিশ্লেষণ করতে পারবেন। | | | | |
| ০৮. | **Smart Desk and Easy Documentation by LAN System and File Server**<br>(ডিজিটাইজকৃত সেবা)<br>(২০১৯-২০২০ অর্থবছর) | আইএমইডি'র কর্মকর্তাগণ নিজেদের ভিতর দ্রুত সময়ে নিরাপদভাবে ফাইল শেয়ারিং করতে পারে-সেই উদ্দেশ্যে File Server চালু করা হয়েছে। যার ফলে, LAN সিস্টেম ব্যবহার করে নিরাপদ মাধ্যমে কর্মকর্তাগণ নিজেদের মাঝে ফাইল ও ডাটা আদান-প্রদান করতে সক্ষম হচ্ছে। | কার্যকর আছে | হ্যাঁ | Intranet System | |
| ০৯. | **আপনার সিপিটিইউ (e-GP Help Desk এবং হটলাইন নম্বর '16575')**<br>(বিদ্যমান সেবা পদ্ধতি সহজিকরণ)<br>(২০১৯-২০২০ অর্থবছর) | সিপিটিইউ-তে সরকারি ক্রয় সংক্রান্ত তথ্য এবং e-GP সংক্রান্ত তথ্যের জন্য 24×7 Help Desk চালু আছে। এবং একটি হটলাইন নম্বর চালু করা হয়েছে। | কার্যকর আছে | হ্যাঁ | 16575 | |

R. Shahriar

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ১০. | **উন্নয়ন প্রকল্পের ডিজিটাল মনিটরিং (PMIS)**<br>(ডিজিটাইজকৃত সেবা)<br>(২০১৮-২০১৯ অর্থবছর) | এডিপিভুক্ত প্রকল্পসমূহের মনিটরিং ব্যবস্থা ডিজিটালাইজড করতে ২০১৮ সালের ২৬ নভেম্বর হতে আনুষ্ঠানিকভাবে প্রকল্পসমূহের অনলাইন ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম পিএমআইএস-এর যাত্রা শুরু হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে প্রকল্পের স্ট্যাটিক তথ্য এবং আর্থিক অগ্রগতি সম্পর্কিত তথ্য প্রদান করা যায়। উল্লেখ্য, এ বিভাগের আওতায় বাস্তবায়নধীন “ডিজিটাইজিং ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড পাবলিক প্রকিউরমেন্ট প্রজেক্ট” এর কম্পোনেন্ট-৪ অংশের সংস্থান মোতাবেক PMIS সিস্টেমকে বর্তমানে আধুনিকতম ও যুগোপযোগী টেকনোলজি ব্যবহারের মাধ্যমে আপগ্রেডেশনে করা হচ্ছে যা বিভিন্ন সরকারি গুরুত্বপূর্ণ সিস্টেম যেমন: NID, AMS, Ibas++, e-GP ইত্যাদির সাথে ইন্ট্রিগ্রেটেট এবং আরো কার্যকর। PMIS সিস্টেমের আপগ্রেডেড ভার্সন হলো e-PMIS (Electronic Project Management Information System)। প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা ডিজিটাইজেশনের লক্ষ্যে এই সফটওয়্যারটি প্রস্তুত করা হয়েছে যার মাধ্যমে ইলেকট্রনিক ব্যবস্থায় প্রকল্প ব্যবস্থাপনা করা যাবে। তথ্যের দৃশ্যমানতা, বাস্তবায়নে স্বচ্ছতা এবং প্রকল্প ব্যবস্থাপনা সহজিকরণের জন্য স্ট্যান্ডার্ড প্রজেক্ট ম্যানেজমেন্টের সকল | কার্যকর আছে। | - | https://epmis.gov.bd/ (আপগ্রেডেড ভার্সন)<br><br>http://pmis.imed.gov.bd/ (পূর্বের ভার্সন) | |

R. Shahriar

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | | উপকরণ রয়েছে সফটওয়্যারটিতে। | | | | |
| ১১. | **সিপিটিইউ'র মোবাইল অ্যাপস 'Public Procurement'** (ডিজিটাইজকৃত সেবা) (২০১৭-২০১৮ অর্থবছর) | অফলাইন টেন্ডার ও ই-জিপির বিজ্ঞপ্তি, অ্যাওয়ার্ডস, এ সংক্রান্ত খবর, বিবিধ ইভেন্টসের তথ্য, জরুরী নোটিশ এবং পাবলিক প্রকিউরমেন্ট ও ই-জিপি'র গাইডলাইনস, পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এর সফটকপি এই মোবাইল অ্যাপসের মাধ্যমে জানা যাবে। | কার্যকর আছে। | হ্যাঁ | Public Procurement - Apps on Google Play | - |

R. Shahinar
২২.১০.২০২৩